জাতীয় বিশ্ববিদ্যালয়
ডীন দপ্তর
গাজীপুর-১৭০৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র: ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/একা:/ ২০৮৭ তারিখ: ০৫/০৮/২০১৩

**"২০১১ সনে স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন করার বিজ্ঞপ্তি"**

ওয়েব সাইট: www.nuadmission.com
ই-মেইল : mf@nubd.info

জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১১ সনের স্নাতকোত্তর শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য ও নিয়মাবলী।

১। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১০ সন অথবা তৎপূর্বে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় কমপক্ষে ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থী **২০১১ সনের স্নাতকোত্তর শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে** রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২০১০ সন অথবা তৎপূর্বে কেবলমাত্র ৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) পরীক্ষায় কমপক্ষে ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থী মাইগ্রেশন সার্টিফিকেট প্রদানসহ অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীধারী শিক্ষার্থী সনদের সমতা নিরূপণ, মাইগ্রেশন সার্টিফিকেট ও অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

ঘ) **নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী , ইসলামী শিক্ষা, সংস্কৃত, পালি, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং এবং মার্কেটিং বিষয়সমূহের মধ্যে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিত বিষয়েই আবেদন করা যাবে।**

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট)রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের অবশ্যই স্নাতকোত্তর শেষ পর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে ।

চ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণ উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

২। রেজিস্ট্রেশন করার সময়সূচী :

| | |
|---|---|
| **(ক) বিলম্ব ফি ব্যতীতঃ** | |
| i) রেজিস্ট্রেশন করার শেষ তারিখ | ২৭/০৮/২০১৩ |
| ii) ডাটা অন-লাইনে এন্ট্রি করার শেষ তারিখ | ৩০/০৮/২০১৩ |
| iii) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ০১/০৯/২০১৩ |
| **খ) বিলম্ব ফি সহ ঃ** | |
| i) রেজিস্ট্রেশন করার শেষ তারিখ | ২১/০৯/২০১৩ |
| ii) ডাটা অন-লাইনে এন্ট্রি করার শেষ তারিখ | ২৪/০৯/২০১৩ |
| iii) রেজিস্ট্রেশন ফি ৪৫০+৩৫০= ৮০০/- (আটশত) টাকা হারে ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ২৫/০৯/২০১৩ |
| **গ) ব্যাংক ড্রাফট, আবেদন ফরম, ভর্তি বিবরণী ও আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক স্নাতকোত্তর শিক্ষা শাখায় জমা দেয়ার শেষ তারিখ** | ২৬/০৯/২০১৩ |

৩। **স্নাতকোত্তর শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি**

| | |
|---|---|
| আবেদন ফি শিক্ষার্থী প্রতি | : ১০০/-(একশত) টাকা |
| রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি | : ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা |
| বিলম্ব ফিসহ রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি | : ৮০০/-(আটশত) টাকা |

৪। অন-লাইনে **আবেদনের নিয়মঃ** আগামী **১৯/০৮/২০১৩** তারিখ হতে স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন প্রার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nuadmission.com এ প্রবেশ করে ফরম সংগ্রহ করতে পারবেন। আবেদন ফরম স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে।
**অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।**

৫। **প্রয়োজনীয় কাগজপত্র :**

ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, ডিগ্রী /সমমান পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ) স্নাতকোত্তর ১ম পর্ব/স্নাতক (সম্মান) পাশের নম্বরপত্র/সনদপত্র ও রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি।
গ) আবেদনের প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি সংযুক্ত।
ঘ) সমতা নিরূপণের প্রমানপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ) মূল মাইগ্রেশন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে )।
চ) প্রিন্টকৃত আবেদন কপি কলেজে জমা দেয়ার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬। **কলেজ কর্তৃপক্ষের করণীয় :**

ক) প্রতিটি বিষয়ে সিরিয়াল নম্বর ০১ থেকে শুরু হবে যা আবেদন ফরম ও রিসিভ অংশে একই হবে;

খ) নম্বরের ক্রম অনুযায়ী আবেদনপত্র ডাটা এন্ট্রির জন্য বিষয়ওয়ারী ১কপি কলেজে সংরক্ষিত রেখে বিশ্ববিদ্যালয়ে প্রেরিত হবে;

গ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা কলেজ কর্তৃপক্ষ নিজ দায়িত্বে স্নাতকোত্তর শেষ পর্ব(নিয়মিত) কোর্সের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করতে হবে। কলেজকর্তৃক User ID (কলেজ কোড) এবং Password ব্যবহার (Password বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত) করে অন-লাইনে ডাটা এন্ট্রি করতে হবে।

ঘ) এন্ট্রিকৃত শিক্ষার্থীদের অনলাইন থেকে বিষয়ওয়ারী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বিবরণী প্রিন্ট করা যাবে। প্রিন্টকৃত বিষয়ওয়ারী বিবরণীতে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দফতরে জমা দিতে হবে;

ঙ) স্নাতকোত্তর শেষ পর্ব (প্রাইভেট) কোর্সের ভর্তি বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত **নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে** বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

চ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সাপোর্ট নিতে ই-মেইল mf@nubd.info এ যোগাযোগ করা যেতে পারে।

ছ) শিক্ষার্থী প্রতি আবেদন ফরমের ১০০/- (একশত) টাকার ৫০/- (পঞ্চাশ) টাকা ভর্তি ব্যয় বাবদ কলেজে রেখে অবশিষ্ট ৫০/- (পঞ্চাশ) টাকা "ভর্তি ফান্ড" জাতীয় বিশ্ববিদ্যালয় শিরোনামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট করে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখায় জমা করতঃ জমা রশিদের অংশ সংশ্লিষ্ট অ্যাকাডেমিক স্নাতকোত্তর শাখায় জমা দেয়া যাবে। ভর্তি ফান্ডের ডিডি/পে-অর্ডার জমা দেয়ার ক্ষেত্রে

স্ব-স্ব কলেজ কর্তৃক ডীন বরাবর পত্র প্রেরণ করতে হবে। উক্ত পত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব (ক্যাশ) শাখার চালান নম্বরসহ ব্যাংকে জমা দেয়া যাবে। **রেজিস্ট্রেশন ফি (নির্ধারিত হারে) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় শিরোনামে ডিডি করতে হবে।**

জ) ভর্তিকৃত শিক্ষার্থীর হিসাব বিবরণী অন-লাইন থেকে প্রিন্ট করে এবং শিক্ষার্থীর আবেদন কপিসহ কাগজপত্র যাচাইপূর্বক কোর্স ও বিষয়ওয়ারী ক্রমানুযায়ী পৃথকভাবে প্যাকেট করে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে। **জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় থেকে পাশকৃত শিক্ষার্থীদের কাগজপত্র পৃথকভাবে জমা দিতে হবে।**

৭। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে শিক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন।

৮। স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ পর্যন্ত। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

৯। **প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত কলেজের নাম ও কলেজ কোড :**

| ক্রম | কলেজ কোড | কলেজের নাম | ক্রম | কলেজ কোড | কলেজের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ৬৪১৯ | ঢাকা কলেজ, ঢাকা | ২৭. | ২৫০১ | রাজশাহী কলেজ, রাজশাহী |
| ২. | ৬৪২৬ | ইডেন মহিলা কলেজ, ঢাকা | ২৯. | ২৭০১ | সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া |
| ৩. | ৬৪২৩ | সরকারি তিতুমীর কলেজ, ঢাকা | ৩০. | ৩৪০১ | দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর |
| ৪. | ৬৪৩৫ | কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা | ৩১. | ৩২০১ | কারমাইকেল কলেজ, রংপুর |
| ৫. | ৬৪০৮ | ঢাকা সিটি কলেজ, ঢাকা | ৩২. | ২১০১ | সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা |
| ৬. | ৬৪২২ | তেজগাঁও কলেজ, ঢাকা | ৩৩. | ২২০১ | সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ |
| ৭. | ৬৪৪৭ | লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা | ৩৪. | ২৪০১ | নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ |
| ৮. | ৬৪৫৮ | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা | ৩৫. | ৪৩০১ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম |
| ৯. | ৬৪২৫ | শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা | ৩৬. | ৪৩০৫ | হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম |
| ১০. | ৬৪৫৯ | হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা | ৩৭. | ৪৩০৬ | চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম |
| ১১. | ৬৪২০ | সরকারি বাঙলা কলেজ, ঢাকা | ৩৮. | ৩৭০১ | ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা |
| ১২. | ৬৪৪৮ | সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা | ৩৯. | ১৭০১ | এম.সি কলেজ, সিলেট |
| ১৩. | ৬৪১০ | নিউ মডেল কলেজ, ঢাকা | ৪০. | ৪২০১ | নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী |
| ১৪. | ৬৪৪১ | বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা | ৪১. | ৩৯০১ | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর |
| ১৫. | ৬৪৩৯ | আবুজর গিফারী কলেজ, ঢাকা | ৪২. | ৪০০১ | লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর |
| ১৬. | ৫৮০১ | সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ | ৪৩. | ১৫০১ | পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী |
| ১৭. | ৫৫১১ | টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর | ৪৪. | ১১০১ | সরকারি বি.এম কলেজ, বরিশাল |
| ১৮. | ৫৫০১ | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর | ৪৫. | ০৩২২ | বি এল কলেজ, খুলনা |
| ১৯. | ৫৬০১ | সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ, | ৪৬. | ০৫০১ | এম এম কলেজ, যশোর |
| ২০. | ৫৪০১ | নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী | ৪৭. | ১০০১ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া |
| ২১. | ৫৩০১ | সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল | ৪৮. | ৬৪৮৬ | আলহাজ্ব মকবুল হোসেন কলেজ,ঢাকা |
| ২২. | ৫২০১ | আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ | | | |
| ২৩. | ৫০০১ | সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর | | | |
| ২৪. | ৪৮০১ | নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা | | | |
| ২৫. | ৬০০১ | সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর | | | |
| ২৬. | ৬১০১ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ | | | |
| ২৭. | ৬৩০১ | সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর। | | | |

১০। বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/ সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৮।১৩

(প্রফেসর ড. সায়েদা বানু)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়,গাজীপুর।

জাতীয় বিশ্ববিদ্যালয় ডীন দপ্তর গাজীপুর-১৭০৪

সূত্র: ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/একা:/ ২০৮৯ তারিখ: ৫/ ০৮/২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সকল বিভাগীয়/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশন, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকা ও টিভি চ্যানেলে প্রচারের অনুরোধসহ)
৪. অধ্যক্ষ, .........................................
৫. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর -এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (স্নাতকোত্তর ১ম পর্ব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর(প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর(একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সেকশন অফিসার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি/নোটিশ বোর্ড।

৫/৮/২০১৩

(মোঃ আব্দুল হামিদ)
উপ- রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়,গাজীপুর।